

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, এপ্রিল ৮, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ, ২৪ চৈত্র ১৪০৮/৭ এপ্রিল ২০০২

এস আর ও নং ৬১-আইন/২০০২/শ্রকম-৫/৮(১)/২০০১—যেহেতু Essential Services (Second) Ordinance, 1958 (E.P.Old.No.XLI of 1958), অতঃপর উক্ত Ordinance বিলিয়া উদ্বিধিত, এর section 3 এর sub-section (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্ মন্ত্রণালয়ের ১৩-৮-৯৯ইং তারিখের প্রজ্ঞাপন নং-এস, আর, ও ৭৩-আইন/৯৯-শ্রকম-৮/৮(২)/৯৯ দ্বারা বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষের সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোজ্য ঘোষণা করিয়াছে, যাহা পরবর্তীতে অনধিক ৬ (ছয়) মাস মেয়াদে পাঁচবার বৃদ্ধি করা হইয়াছে এবং এই ধারাবাহিকতায় আগামী ১১-৮-২০০২ইং তারিখে সর্বশেষ মেয়াদ শেষ হইবে ;

এবং যেহেতু উপরিউক্ত বোর্ড ও কর্তৃপক্ষের সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance প্রযোগের প্রয়োজনীয়তা এখনও বিদ্যমান ;

সেহেতু সরকার উক্ত section 3 এর sub-section (2) তে প্রদত্ত ক্ষমতাবলে এই মর্মে ঘোষণা করিল যে, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও ঢাকা বিদ্যুৎ বিতরণ কর্তৃপক্ষের সকল কর্মকর্তা ও কর্মচারীর চাকুরীর ক্ষেত্রে উক্ত Ordinance আগামী ১২-৮-২০০২ ইং তারিখ হইতে (উক্ত তারিখ অন্তর্ভুক্ত) আরও ৬ (ছয়) মাস প্রযোজ্য হইবে ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মতিউর রহমান খান
উপ-সচিব (শ্রম) ।

মোঃ সারোয়ারজামান (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত ।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত ।

(১৫৫)

মূল্য : টাকা ১.০০